

স্মারক নং: জবি/গস ও প্র/শোকবার্তা/২০০৯/০২/৪৯৭

তারিখ: ০৭/০৭/২০২১

বরাবর

সম্পাদক

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক

বিষয়: শোক সংবাদ প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শোকবার্তাটি আপনার বহুল প্রচারিত প্রচার মাধ্যম/পত্রিকায় প্রচার/প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শোকবার্তা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক সাইদা নাসরিন -এর অকাল মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক *সাইদা নাসরিন* আজ (৭ জুলাই-২০২০, বুধবার) ঢাকার স্কয়ার হাসপাতালে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩৫ বছর।

তাঁর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক *ড. মো. ইমদাদুল হক* ও ট্রেজারার অধ্যাপক *ড. কামালউদ্দীন আহমদ* গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

তাঁর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং সর্বস্তরের শিক্ষক-শিক্ষার্থীরা গভীরভাবে শোকাহত।

ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে গত ২০ জুন থেকে ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন সাইদা নাসরিন। মৃত্যুকালে তিনি স্বামী (*ডেপুটি অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার আব্দুল্লাহ আল মাহমুদ বাশার*) ও এক পুত্র সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

উল্লেখ্য, সাইদা নাসরিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনে কৃতিত্বের জন্য রাষ্ট্রপতি স্বর্ণপদক পান।

(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক ও দপ্তর প্রধান

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা

মোবাইল: ০১৭১১-৯৭৯৯২৪